আজকের কাগজ

তারিখ 30 MAY 1993
পৃষ্ঠা ২ কলাম ৮

06

প্রাথমিক শিক্ষা সপ্তাহের সমাপনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

# অবহেলিত ও দরিদ্র শিশুদের জন্য শিক্ষার সুযোগ প্রসারিত করা হবে

অবহেলিত ও দরিদ্র শিশুদের শিক্ষার সুযোগ প্রসারিত করার জন্যে প্রধানমন্ত্রী খাদ্যের বিনিময় শিক্ষা কর্মসূচির উদ্বোধন করেছেন। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৩-এর সমাপনী দিবসে জাতীয় একাডেমিতে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, যে সকল শিশুরা খাদ্যের অভাবে শিক্ষা গ্রহণ করতে পারছে না তাদের জন্যেই এই বিশেষ কর্মসূচি নেয়া হয়েছে। দরিদ্র শিশুদের শিক্ষা গ্রহণে আকৃষ্ট করার জন্যেই এই কর্মসূচি নেয়া হয়েছে।

প্রধানমন্ত্রী বলেছেন, সরকার সকলের জন্যে শিক্ষার অধিকার নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এ জন্যে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। তিনি বলেন, এ জন্যে গণশিক্ষা অধিদপ্তর নামে পৃথক বিভাগ খোলা হয়েছে। তিনি বলেন, চতুর্থ পাঁচসালা পরিকল্পনায় ২৪ হাজার প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন ও পুর্নগঠন করা হবে। শিক্ষা খাতের বরাদ্দের ৫২ শতাংশই প্রাথমিক শিক্ষাখাতে খরচ করা হবে।

তিনি বলেন, শিক্ষা একটি জাতীয় বিষয়, এ জন্যে জাতীয় ঐকমত্য ও সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। তিনি এ জন্যে সকল রাজনৈতিক দল ও শিশু সংগঠনকে এগিয়ে আসার জন্যে আহবান জানিয়েছেন।

অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী সার্কিট হাউসে যান ও নতুন সার্কিট হাউস ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। বাসস।